আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে ২ যুবকের কারাদণ্ড

আলমডাঙ্গা উপজেলায় মাদক সেবনের দায়ে দুই যুবককে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ রবিবার সন্ধ্যায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ এই সাজা দেন।

সাজা পাওয়া যুবকেরা হলেন উপজলার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত শমসের আলীর ছেলে মো. এমদাদুল হক (২৭) ও এরশাদপুর গ্রামের গোরস্থান পাড়ার মোহাম্মদের ছেলে মো. হাবিবুর রহমান বাবুল (২৯)।

সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ বলেন, আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলার বন্ডবিল এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। অভিযানে মাদকদ্রব্য সেবনরত অবস্থায় ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইঞ্জেকশনসহ হাতেনাতে এমদাদুল হককে আটক করা হয়। বুপ্রেনরফাইন ইঞ্জেকশন সেবনের দায়ে পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়া এলাকার মো. এমদাদুল হককে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা হয়। এছাড়া মো. হাবিবুর রহমান বাবুলকে গাঁজা সেবনের দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন দিনের কারাদণ্ড দেওয়া হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে সার্বিক সহযোগীতা করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের একটি দল।

দামুড়হুদায় অবৈধ ভাবে মাটি কাটায় ৬০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের তারিনিপুর গ্রামে অবৈধ ভাবে ফসিল জমির মাটি কাটায় ৬০ হাজার টাকা জরিমানা করেন দামুড়হুদা

উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। আজ রোববার সকাল ১০ টার দিকে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার তারিনিপুর মাঠে অবৈধ ভাবে ফসলি জমির মাটি কেটে বিভিন্ন স্থানে বিক্রি হচ্ছে। এমন সংবাদ পেয়ে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস সরজমিনে ঘটনাস্থলে উপস্থিত হলে ঘটনার সত্যতা মেলে।

এসময় ঘটনার সাথে জড়িত দুই জন ট্রাক্টর চালকে আটক করে বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ অনুসারে দুই জনকে ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সেইসাথে অদূর ভবিষ্যতে ফসলি জমির মাটি কাটলে কঠিন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুশিয়ারী দেন।

এসময় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস বলেন, জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদাতে ভৈরব নদী থেকে অবৈধ ভাবে ড্রেজার দিয়ে বালি উত্তোলন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ভৈরব নদী থেকে ড্রেজার মেশিন ভিড়িয়ে বালি উত্তোলন করছিলো কার্পাসডাঙ্গা গ্রামের মৃত আলী খাবলির ছেলে জাব্বার খাবলী,হুদা পাড়ার নাজমুল হাসান গেগার ও কার্পাসডাঙ্গা ভূমিহীনপাড়ার লাবু। বিষয়টি নিয়ে মাস খানেক পূর্বে স্থানীয় ও জাতীয় পত্রিকায় সংবাদ প্রকাশিত হলে নড়েচড়ে বসে উপজেলা প্রশাসন।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)সজল কুমার দাসের নেতৃত্বে বালি উত্তোলনের ড্রেজার মেশিন জব্দ করে তা ইউনিয়ন পরিষদে রাখা হয় ও উত্তোলন কৃত বালি জব্দ করা হয়।

আজ রোববার সকাল ১২ টার দিকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দামুড়হুদা উপজেলা প্রকৌশলী মো:আব্দুর রশিদ নিলাম পক্রিয়ার

প্রধান হয়ে ১০ টি প্লাস্টিক ড্রাম,২ টি ইউপিভিসি পাইপ,২ টি ফ্লাক্সিবেল পাইপ,২ টি ডিজেল স্টার্ট,২ টি চায়না শ্যালো মেশিন ও ৮৬৮৭.৬০ সিএফটি বালির নিলাম ডাকার পক্রিয়া শুরু হয়।নিলামে অংশ গ্রহনের পূর্বে ডাকে অংশগ্রহনকারীরা সহ স্থানীয় অনেকে নিলাম কমিটিকে অবহিত করে ভৈরবনদীতে জব্দকৃত ৩ টি স্তুপের বালির পরিমান আনুমানিক প্রায় ২ হাজার গাড়ি।অথচ সেখানে যে পরিমান বালি দেখানো হয়েছে তা মাত্র ৭০ গাড়ি হবে। নিলামে সঠিক তথ্য গোপন করে ও বালির মাপ একেবারে কম দেখিয়ে পুকুর চুরির ঘটনা ঘটছে।

নিলাম কমিটি সহ এর সাথে জড়িতদের বিরুদ্ধে প্রকাশ্য মানববন্ধন হবে এমন হট্টগোল শুরু হলে নিলাম কমিটি কিছুক্ষন সময় চেয়ে বিষয়টা জেনে তারপর নিলাম পক্রিয়া শুরু হবে বলে জানান। কিছুক্ষন পর উপজেলা প্রকৌশলী ও নিলাম কমিটি প্রধান মো:আব্দুর রশিদ বলেন আমরা পুনরায় সরেজমিন যাচাই বাছাই করে তারপর লোকেশন ঠিক করে আবারো প্রকাশ্য নিলামের তারিখ জানানো হবে।এসময় তিনি আরো জানান আগামীতে যখন প্রকাশ্য যখন নিলাম ডাকা হবে তখন নোটিশ করা হবে ও মাইকিং এর ব্যাবস্থা করা হবে।

স্থানীয় এলাকাবাসী সহ সচেতন মহলের জোর দাবী বালি উত্তোলনের সাথে জড়িতরা যাতে প্রকাশ্য নিলামে অংশ গ্রহন করতে না পারে ও বালির সঠিক মাপের মাধ্যমে স্বচ্ছ পত্রিকায় প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হয় তার সুব্যাবস্থা করতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

প্রকাশ্য নিলামে কোন ধরনের মিথ্যা তথ্যা বা সঠিক চিত্র তুলে ধরা না হলে এলাকায় মানববন্ধন সহ বিক্ষোভ মিছিলের ঘোষনা দেন এলাকাবাসী।

দর্শনা সীমান্তে অবৈধভাবে

অনুপ্রবেশ, বিএসএফের গুলিতে নিহত ২

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা বাড়াদী কামাপাড়া সীমান্তে ভারতে অবৈধভাবে অনুপ্রবেশের পর দু’বাংলাদেশী গরু চোরাকারবারীকে গুলি করে হত্যা করেছে বিএসএফ।

গতকাল শনিবার (১৬ ডিসেম্বর) দিনগত রাতে এ হত্যাকান্ডটি ঘটেছে বলে বিজিবি ব্যাটালিয়নের পক্ষ থেকে জানানো হয়।

পারকৃষ্ণপুর মদনা-ইউনিয়নের চেয়ারম্যান এস.এম. জাকারিয়া আলম জানান, বিএসএফের গুলিতে নিহত ছয়ঘরিয়া গ্রামের হায়দার আলীর ছেলে সাইদুল (২৫) ও একই গ্রামের শরিয়তউল্লার ছেলে খাজা মঈনুদ্দিনসহ
(৩২) ৫জন গত শনিবার সন্ধ্যার পর ভারতে অবৈধভাবে অনুপ্রবেশ করে গরু আনতে গিয়েছিল।

বারাদী বিওপির সীমান্ত খুঁটি ৮২/২-এস হতে ভারতের অভ্যন্তরে আনুমানিক ৩০০ গজ কলাবাগান নামক স্থানে অবৈধভাবে অনুপ্রবেশ করলে তাদের মুখোমুখী হয় ৩২ বিএসএফ গোবিন্দপুর ক্যাম্পের বিএসএফের একটি দলের। সে সময় বিএসএফ তাদের লক্ষ করে গুলি ছুঁড়লে ঘটনাস্থলেই দুজন নিহত হয়। গতকাল রবিবার সকালে ভারতের গোবিন্দপুর ক্যাম্পের বিএসএফ সদস্যরা মরদেহ দুটি পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানায় নিয়ে যায় বলে জানা যায়।

কৃষ্ণগঞ্জ থানার ওসি বাপিন মুর্খার্জী জানিয়েছেন, নিহত দু’বাংলাদেশীর মরদেহ নদীয়া জেলার কৃষ্ণনগরের শক্তিনগর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা ঘটনাস্থল পরিদর্শন করেছে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান বলেন, আমি ছুটিতে ঢাকায় আছি। তবে জেনেছি ওরা রাতে আঁধারে চোরাকারকারীর জন্য ভারতের অভ্যন্তরে গিয়েছিল। এ ঘটনায় পতাকা বৈঠকের আহবান জানানো হয়েছে। তারপর বিস্তারিত জানানো যাবে।

চুয়াডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় মহান বিজয় দিবস উপলক্ষে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে ডিসি সাহিত্য মঞ্চে এ সংবর্ধনা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সভাপতিত্বে চুয়াডাঙ্গা জেলার মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়।

এদিকে মহান বিজয় দিবস উপলক্ষে জেলা তথ্য অফিসের আয়োজনে দুপুরে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ভি জে সরকারি উচ্চ বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন, হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও দৃষ্টি প্রতিবন্ধীদের মধ্যে উন্নতমানের খাবার পরিবেশন, বাদ জুম্মা সকল মসজিদ, মন্দির, গীর্জা ও প্যাগোডায় জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে সুবিধাজনক সময়ে মোনাজাত ও প্রার্থনা করা হয়।



বিকালে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে মহিলাদের

আলোচনা সভা ও জেলা প্রশাসন ও জেলা ক্রিয়া সংস্থার আয়োজনে বিকালে পুরাতন স্টেডিয়ামে প্রীতি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়। সন্ধ্যায় চুয়াডাঙ্গা ডিসি সাহিত্য মঞ্চে প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে মহান বিজয় দিবসের কর্মসূচি শেষ হয়

এ সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা,চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক,বীর প্রতীক সুবেদার মেজর(অব) সাইদুর রহমান,চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক জেলা কমান্ডার নুরুল ইসলাম মালিক,চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক জেলা কমান্ডার আবু হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস) নাজিম উদ্দীন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা, চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদ কমান্ডের সদস্যবৃন্দসহ জেলা প্রশাসন ও জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসারবৃন্দ, চুয়াডাঙ্গা সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত বিভিন্ন অফিসের কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বিজয় দিবসের প্রামান্য চলচিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক সন্ধ্যা

চুয়াডাঙ্গায় মহান বিজয় দিবস উপলক্ষে জেলা প্রশাসন চুয়াডাঙ্গা কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ডিসি সাহিত্য মঞ্চে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমী চুয়াডাঙ্গার পরিবেশনে সন্ধ্যা সাড়ে ছয়টার সময় মুক্তিযুদ্ধের ইতিহাস ঐতিহ্য তুলে ধরে প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক সন্ধ্যা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। মহান বিজয় দিবসে শিশু একাডেমি কতৃক আয়োজিত সংগীত আবৃত্তি ও চিত্রা অংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়। এর আগে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সাহিত্য মঞ্চে বিজয় দিবস উপলক্ষে মুক্তিযুদ্ধের ইতিহাস ঐতিহ্য তুলে ধরে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ খান রেজা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা, জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাগণ জেলা প্রশাসন ও জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ সহ জেলা শিল্পকলা একাডেমীর শিল্পী ও কলাকৌশলীবৃন্দ সাংবাদিকবৃন্দ, সুশীল ও রাজনৈতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠিত

মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়াম মাঠে সকাল আটটার সময় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন, কবুতর অবমুক্ত ও আকাশে ফেস্টুন ব্যানার উড্ডয়ন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার ড. কিসিঞ্জার চাকমা ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

বিজয় দিবসের প্যারেড অধিনায়ক আর আই পুলিশ লাইন্স মোঃ আমিনুল ইসলামের নেতৃত্বে বাংলাদেশ পুলিশ, আনসার-ভিডিপি, ফায়ার সার্ভিস ও

সিভিল ডিফেন্স, কারারক্ষী, বিএনসিসি, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, রোভার স্কাউট, গালর্স-ইন-স্কাউটিং, বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক মনোজ্ঞ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে স্বাধীনতা সংগ্রামের ঘটনা প্রবাহের উপর মনমুগ্ধকর শরীরচর্চা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হয়।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌর বিএনপির বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে নানান কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার সকালে বিএনপি নেতাকর্মিরা আলমডাঙ্গায় বিজয় দিবসের জাতীয় পতাকা উত্তোলন, র্যালি, শহীদ মাজারে পুষ্পমাল্য অর্পণ ও ফাতেহা পাঠ এবং শহীদ জিয়া শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টায় পৌর এলাকার ফায়ার সার্ভিস সংলগ্ন এলাকা থেকে র্যালিটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ মাজারে পুস্পস্তবক অর্পণ করেন। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, সাবেক কেন্দ্রীয় যুব নেতা এমদাদুল হক ডাবু।

এছাড়া উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগর

সাচ্চু, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বিশ্বাস, সহ-সাধারণ সম্পাদক রমজান আলী, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ আলী, নাগদাগ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দীন, খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ, কুমারি ইউনিয়ন বিএনপির সভাপতি রকিবুল ইসলাম, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, খাদেমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেগুল ইসলাম, সাধারণ সম্পাদক সালাম মেম্বার, শাহিনুজ্জামান, রাজাবুল ইসলাম, আবু বক্কর সিদ্দিক, আলমগীর হোসেন লালন, আতাউল হুদা, শফিকুল ইসলাম, পলাশ। হাফিজুর রহমান তোতা, আব্দুল জব্বার, সালেহ মাসুদ লিপু আমিরুল ইসলাম পান্নু, আরজান আলী, আবুল হক মিঠু।

আলমডাঙ্গা উপজলা যুবদলের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম, পৌর যুবদলের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম কনক, যুবদলের যুগ্নআহবায়ক সাইফুল ইসলাম, হাফিজুর রহমান।

উপজেলা ছাত্রদলের সভাপতি জাহিদ হাসান শুভ, সাধারণ সম্পাদক ইমরান রাসেল, পৌর ছাত্রদলের সভাপতি আতিক হাসনাত রিংকু, রাজু আহমেদ, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন লিমন, পৌর মৎস্য দলের সাধারণ সম্পাদক ফিরোজ হোসেন। এছাড়াও বিজয় দিবসের র্যালি ও আলোচনা সভায় উপজেলা, পৌর, ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গয় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত।১৬ ডিসেম্বর শনিবার সুর্যদয়ের সাথে সাথে ৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে দিনের শুভ সূচনা হয়।

আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তলন ও বঙ্গবন্ধু মুরালে পুস্পমাল্য অর্পন করে,পরে উপজেলা চত্বরে শহীদদের স্মরণে নির্মিত শহীদ মাজারে ফুল দিয়ে

সহ-সভাপতি শিক্ষানুরাগী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,,সাবেক সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান,পৌর যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ভাইস চেয়ারম্যান এডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু,মাহমুদুল হাসান চঞ্চল, নজরুল ইসলাম, আশিকুর রহমান ওল্টু, উপজেলা আওয়ামী লীগের সাবেক উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, বীর মুক্তিযোদ্ধা দিদার আলী,মহিলা আওয়ামীলীগের সাহিদা ইসলাম, প্রমুখ। বিজয় র্যালীতে উপজেলা ও পৌর আওয়ামীলীগসহ অঙ্গ সংঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।এ ছাড়াও আলমডাঙ্গা সরকারি কলেজ মহান বিজয় দিবস উপলক্ষে আলোচনা সভা পুরস্কার বিতরন ও বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন কে সংবর্ধনা প্রদান করেন।অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড, আব্দুর রকীব,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাব।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন

দামুড়হুদায় বর্ণিল আলোকসজ্জা ও বিভিন্ন আয়োজনে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে।

আজ শনিবার সকাল ৬ টা ৩০ মিনিটে ৩১ বার তোপধ্বনীর মধ্য দিযে দামুড়হুদা উপজেলা পরিষদের বঙ্গবন্ধু চত্ত্বরে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, উপজেলা আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠন, পুলিশ, আনসার, ফায়ার সার্ভিস সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, প্রেস ক্লাব, সাংস্কৃতিক, ক্রীড়া সংগঠনের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ এর মাধ্যমে জাতির সূর্য সন্তানদের শ্রদ্ধা নিবেদন করা হয়।

৮ টায় উপজেলার আটকবর স্মৃতিসৌধে পুষ্পস্তাবক অর্পণ করেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল